

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ চট্ট-১৩৭/২০১৭/১৫৭২৭

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
৩০ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

আলোনিয়া ফাজিল মাদরাসা, ফরিদগঞ্জ, চাঁদপুর -এর ফাজিল (স্নাতক) পাস বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্য মহোদয়ের ২৫.০৩.২০২৫ খ্রি. দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল (স্নাতক) পাস বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭-০৪-২০২৫ থেকে ২৬-০৪-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. সকল শ্রেণিতে বিশেষ করে ফাজিল স্নাতক (পাস) পর্যায়ে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে;
২. পুরাতন পরিত্যক্ত ভবনটি সংস্কার বা মেরামত করতে হবে;
৩. সকল ধরনের আয়-ব্যয়ের ক্ষেত্রে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে এবং কলামনার ক্যাশবই ও ভাউচারে ক্রয় কমিটি সকলের স্বাক্ষর নিয়ে আপডেট রাখতে হবে;
৪. অধ্যক্ষ ও উপাধ্যক্ষের জন্য পৃথক পৃথক কক্ষের ব্যবস্থা করতে হবে;
৫. মহিলা শিক্ষকগণের জন্য পৃথক মিলনায়তনের ব্যবস্থা করতে হবে;
৬. মেয়ে শিক্ষার্থীদের নামাজের জায়গায় মেরামত, ওয়াশরুম ও কমনরুমের ব্যবস্থা করতে হবে;
৭. লাইব্রেরির জন্য পৃথককক্ষের ব্যবস্থার পাশাপাশি প্রয়োজনীয় বুক শেলফ রাখতে হবে;
৮. শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের হাজিরা বহিতে অধ্যক্ষ মহোদয়ের প্রত্যয়ন থাকতে হবে;
৯. অধ্যক্ষ মহোদয়ের জন্য মুভমেন্ট রেজিস্টার থাকতে হবে এবং সকল শিক্ষকের ছুটি রেজিস্টার খাতা সংরক্ষণ করতে হবে;
১০. মাদরাসার আউটনয় ফুল গাছ লাগাতে হবে এবং শ্রেণিকক্ষ ও আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
১১. প্রতি তিন মাস পরপর শিক্ষার্থীদের পড়ালেখার মানোন্নয়নের জন্য মোটিভেশনাল ও অভিভাবক সমাবেশ করতে হবে;
১২. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
১৩. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

  
30.04.2026  
(আরিফ আহমদ)

সহকারী মাদরাসা পরিদর্শক  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ

আলোনিয়া ফাজিল মাদরাসা


ডাকঘর: নুর নগর, উপজেলা: ফরিদগঞ্জ, জেলা: চাঁদপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ চট্ট-১৩৭/২০১৭/১৫৭২৭ (৭)

তারিখ: ১৭ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ  
৩০ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, আলোনিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: নুর নগর, উপজেলা: ফরিদগঞ্জ, জেলা: চাঁদপুর।
৭. অফিস নথি।

  
30.04.2026

(ছায়েদ আহম্মদ মজুমদার)  
সেকশন অফিসার  
মোবাইল: ০১৮২০-২৯২৫৩২